**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

# বাংলাদেশ নির্বাচন কমিশন
## নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৮.২৩ (অংশ-৬)-৮৪৬

তারিখ: ১৬ পৌষ ১৪৩০ / ৩১ ডিসেম্বর ২০২৩

**বিষয় : দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে আইনশৃঙ্খলা সমন্বয় ও মনিটরিং সেল গঠন।**

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, ০৭ জানুয়ারি ২০২৪ তারিখে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে। উল্লিখিত নির্বাচন উপলক্ষে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি এবং বিভিন্ন আইনশৃঙ্খলা বাহিনীর প্রতিনিধিদের সমন্বয়ে নির্বাচন কমিশন সচিবালয়ে একটি আইনশৃঙ্খলা সমন্বয় ও মনিটরিং সেল গঠন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত সেলে ব্রিগেডিয়ার জেনারেল আবুল হাসনাত মোহাম্মদ সায়েম, প্রকল্প পরিচালক, আইডিয়া প্রকল্প-২ (২য় পর্যায়), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা এর নেতৃত্বে নিম্নবর্ণিত কর্মকর্তাগণ অন্তর্ভুক্ত হবেন:

| ক্রম | বাহিনী/মন্ত্রণালয় | সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | উপ-সচিব | ১ জন | উপ-সচিব/পুলিশ সুপার/ পরিচালক/উপপরিচালক পদমর্যাদার |
| ২. | পুলিশ | ৫ জন | |
| ৩. | র‍্যাব | ২ জন | |
| ৪. | বিজিবি | ৩ জন | |
| ৫. | কোস্ট গার্ড | ২ জন | |
| ৬. | আনসার ও ভিডিপি | ২ জন | |
| ৭. | সেনাবাহিনী | ৪ জন | মেজর/ক্যাপ্টেন পদমর্যাদার |
| ৮. | নৌ-বাহিনী | ১ জন | |
| ৯. | বিমানবাহিনী | ১ জন | |

০২। নির্বাচন কমিশন সচিবালয়ের মনিটরিং সেল (কক্ষ নং-৪১৩ ও ৪১৭), ৪র্থ তলা, নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকায় স্থাপিত উল্লিখিত সেলের কার্য পরিধি নিম্নরূপ:

(ক) মাননীয় নির্বাচন কমিশনের নির্দেশনা অনুযায়ী মনিটরিং সেল আগামী ০৬ জানুয়ারি ২০২৪ তারিখ সকাল ০৮.০০ ঘটিকা হতে ০৯ জানুয়ারি সকাল ০৮.০০ ঘটিকা পর্যন্ত মোট ৭২ ঘণ্টা পরিচালনা করা হবে।

(খ) দায়িত্বরত কর্মকর্তাগণ বিভিন্ন উৎস হতে তথ্য সংগ্রহ করত: মাঠ পর্যায়ে যথাসম্ভব যাচাই-বাছাই করা আইন শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে মাননীয় নির্বাচন কমিশনকে অবহিতকরণ (১.৫ ঘন্টা পর পর) এবং জরুরী প্রয়োজনে বিশেষ প্রতিবেদন প্রেরণ করা হবে।

(গ) সেলে অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট সংস্থার প্রতিনিধি কর্তৃক নির্বাচন উপলক্ষে মোতায়েনকৃত আইনশৃঙ্খলা সদস্যদের সার্বিক অবস্থা সম্পর্কে জ্ঞাতকরণ;

(ঘ) ভোটকেন্দ্র বা নির্বাচনি এলাকায় শান্তি-শৃঙ্খলা রক্ষার্থে বিভিন্ন আইনশৃঙ্খলা বাহিনীর মধ্যে সমন্বয় সাধন;

(ঙ) বিভিন্ন নির্বাচনী মালামাল পরিবহণ, বিতরণ এবং ভোটগ্রহণ কাজে নিরাপত্তা বিধানের জন্য মোবাইল ও স্ট্রাইকিং ফোর্স হিসেবে নিয়োজিত আইনশৃঙ্খলা বাহিনীর মধ্যে সমন্বয় করে রিটার্নিং অফিসার, সহকারী রিটার্নিং ও প্রিজাইডিং অফিসারদের সহায়তা প্রদান; এবং

(চ) সংস্থার নিজস্ব যোগাযোগ নেটওয়ার্কের মাধ্যমে মাননীয় নির্বাচন কমিশনের নির্দেশনা তাৎক্ষণিকভাবে মাঠ পর্যায়ে নিয়োজিত বাহিনীকে অবহিতকরণ।

(ছ) রিটার্নিং অফিসার এর কার্যালয় থেকে স্ব-স্ব নির্বাচনি এলাকাসমূহের আইনশৃঙ্খলা বিষয়ক ঘটনাবলী নির্বাচন কমিশন সচিবালয় কর্তৃক পরিচালিত "আইনশৃঙ্খলা মনিটরিং Apps" এ তাৎক্ষনিকভাবে এন্ট্রিকরত: নির্বাচন কমিশনে গঠিত কেন্দ্রিয় মনিটরিং সেলে প্রেরণ করতে হবে।

০৩। বর্ণিতাবস্থায়, নির্বাচন কমিশন সচিবালয়ে স্থাপিত উল্লিখিত সেলের প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালনের জন্য কর্মকর্তা প্রেরণ এবং ০৫ জানুয়ারি ২০২৪ তারিখে প্রাক-পরিকল্পনা সভায় উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এছাড়া এ বিষয়ে কোন কিছুর জানার প্রয়োজন হলে মেজর মোঃ মামুনুর রশিদ, মোবাইল নম্বর: ০১৭৬৯১৯৮৮৪৪ এর সাথে যোগাযোগ করার জন্যও অনুরোধ করা হলো।

মোঃ আতিয়ার রহমান
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
E-mail: sasemc1@gmail.com

১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, ঢাকা
৩। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা
৪। মহাপরিচালক, বিজিবি/ র‌্যাপিড এ্যাকশান ব্যাটালিয়ন (র‌্যাব)/আনসার ও ভিডিপি/কোস্টগার্ড, ঢাকা
৫। প্রকল্প পরিচালক, আইডিয়া-২ প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৬। অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, আর্মড পুলিশ ব্যাটালিয়ন, উত্তরা, ঢাকা

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৮.২৩ (অংশ-৬)-৮৪৬ তারিখ: ১৬ পৌষ ১৪৩০ / ৩১ ডিসেম্বর ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সিনিয়র সচিব/সচিব, ........................................... মন্ত্রণালয়/বিভাগ (সংশ্লিষ্ট)
৩. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার
৪. বিভাগীয় কমিশনার, ................................ (সকল) ও রিটার্নিং অফিসার
৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
৬. জেলা প্রশাসক, ................................ (সকল) ও রিটার্নিং অফিসার
৭. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা ,................................ অঞ্চল (সকল)
৮. পুলিশ সুপার, ................................ (সকল)
৯. ................................................. কর্মকর্তা ও সহকারী রিটার্নিং অফিসার
১০. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/ জেলা নির্বাচন অফিসার,............................ (সকল)
১১. উপজেলা নির্বাহী অফিসার, .......................... (সকল)
১২. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
১৩. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ,....................................................- একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
১৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৫. সহকারী সচিব (সাধারণ সেবা-১), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সম্মেলন কক্ষ প্রস্তুত, টেলিফোন ও ফ্যাক্স সংযোগ এবং আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

মোহাম্মদ মোরশেদ আলম
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা
ফোন: ০২-৫৫০০৭৬১০

**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

# প্রজ্ঞাপন

তারিখ, ৩০ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ/ ১৫ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.১৯.২৩-৭২২।- যেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের (অতঃপর সংবিধান বলিয়া উল্লিখিত) অনুচ্ছেদ ৬৫ এর অধীন সংসদ গঠন করিবার লক্ষ্যে সংবিধানের ১২৩ অনুচ্ছেদের অধীন সংসদ-সদস্যদের সাধারণ নির্বাচন অনুষ্ঠান করা প্রয়োজন;

সেহেতু, গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ১১ এর দফা (১) অনুসারে, বাংলাদেশ নির্বাচন কমিশন, জাতীয় সংসদ গঠন করিবার উদ্দেশ্যে প্রত্যেক নির্বাচনি এলাকা হইতে একজন সদস্য নির্বাচনের জন্য ভোটারগণকে আহবান জানাইতেছে এবং উক্ত নির্বাচন অনুষ্ঠানের জন্য নিম্নলিখিত সময়সূচিও ঘোষণা করিতেছে:

| | | | | |
|---|---|---|---|---|
| (ক) | রিটার্নিং অফিসার/ সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ১৫ অগ্রহায়ণ ১৪৩০<br>৩০ নভেম্বর ২০২৩ | বৃহস্পতিবার |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ১৬-১৯ অগ্রহায়ণ ১৪৩০<br>০১-০৪ ডিসেম্বর ২০২৩ | শুক্রবার-সোমবার |
| (গ) | মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের | : | ২০-২৪ অগ্রহায়ণ ১৪৩০<br>০৫-০৯ডিসেম্বর ২০২৩ | মঙ্গলবার-শনিবার |
| (ঘ) | আপিল নিষ্পত্তি | : | ২৫-৩০ অগ্রহায়ণ ১৪৩০<br>১০-১৫ ডিসেম্বর ২০২৩ | রবিবার-শুক্রবার |
| (ঙ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ০২ পৌষ ১৪৩০<br>১৭ ডিসেম্বর ২০২৩ | রবিবার |
| (চ) | প্রতীক বরাদ্দ | : | ০৩ পৌষ ১৪৩০<br>১৮ ডিসেম্বর ২০২৩ | সোমবার |
| **(ছ)** | **ভোটগ্রহণের তারিখ** | : | **২৩ পৌষ ১৪৩০**<br>**০৭ জানুয়ারি ২০২৪** | **রবিবার** |

**আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ সকাল ৮.০০ ঘটিকা হইতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ব্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ব্যালট বাক্সে ভোটগ্রহণ অনুষ্ঠিত হইবে।**

নির্বাচন কমিশনের আদেশক্রমে

**মোঃ জাহাংগীর আলম**
সচিব

উপপরিচালক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিজি প্রেস)
তেজগাঁও, ঢাকা।

অদ্যকার তারিখের বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশপূর্বক গেজেটের ৪,০০০ (চার হাজার) কপি সরকারি কাজে ব্যবহারের লক্ষ্যে নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ করিবার জন্য অনুরোধ করা হইল।

D:\After 15 Feb 2022\National Election\12 Nationtion Election\Commission Meeting\2. Schedule NE.doc

অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.১৯.২৩-৭২২

তারিখ: ৩০ কার্তিক ১৪৩০
১৫ নভেম্বর ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
৩. সিনিয়র সচিব, ........................................................ মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৪. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, আপন বিভাগ/জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৭. সচিব, ........................................................ মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৮. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্টগার্ড, ঢাকা
৯. মহাপরিচালক (গ্রেড-১), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. বিভাগীয় কমিশনার, ................................. ও রিটার্নিং অফিসার
১২. বিভাগীয় কমিশনার, ..................................... (সংশ্লিষ্ট)
১৩. উপমহাপুলিশ পরিদর্শক, ................................... (সকল রেঞ্জ)
১৪. পুলিশ কমিশনার, ....................................... মেট্রোপলিটন পুলিশ (সকল)
১৫. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৬. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৭. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]
১৮. মহাব্যবস্থাপক, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
১৯. জেলা প্রশাসক, ........................................ (সকল) ও রিটার্নিং অফিসার
২০. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ........................................ (সকল)
২১. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [এ বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করিবার অনুরোধসহ]
২২. পুলিশ সুপার, ........................................ (সকল)
২৩. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৪. ................................................................... ও সহকারী রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)
২৫. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, ................................ (সকল)
২৬. উপজেলা নির্বাহী অফিসার, ......................... (সকল) ও সহকারী রিটার্নিং অফিসার
২৭. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, .................................. (সকল)
২৮. জেলা তথ্য অফিসার, .................................. (সকল)
২৯. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩০. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ........................................................ এর একান্ত সচিব নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩১. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩২. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ......................... (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৩৩. উপজেলা/থানা নির্বাচন অফিসার, ......................... (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
৩৪. উপজেলা/থানা নির্বাচন অফিসার......................... (সকল)
৩৫. অফিসার-ইন-চার্জ, ......................... (সকল)
৩৬. নির্বাচন কমিশন সচিবালয়ের সকল কর্মকর্তা।

১৫/১১/২০২৩

মোহাম্মদ মোরশেদ আলম
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা
ফোন: ০২-৫৫০০৭৬১০